


তারিখ: ৩০/০৪/২০২৪ খ্রি.


**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের
মোবাইল ব্যাংকিং একাউন্টসমূহ 'নগদ'-এ রূপান্তর করে জমাদান সংক্রান্ত বিজ্ঞপ্তি**

রাঙ্গামাটি সরকারি কলেজে একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের উপবৃত্তির অর্থ শুধু 'নগদ'-এর মাধ্যমে বিতরণ করা হবে। এ লক্ষ্যে যেসকল শিক্ষার্থী ইতোপূর্বে উপবৃত্তি আবেদনের সময় মোবাইল ব্যাংকিং হিসাব (বিকাশ/রকেট/উপায়/শিওরক্যাশ/এম ক্যাশ) প্রদান করেছে সেসকল শিক্ষার্থীদের তথ্য আপডেট করার সময়সীমা আগামী ০৯/০৫/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। সংশ্লিষ্ট শিক্ষার্থীকে নিজ দায়িত্বে 'নগদ' খুলে উক্ত তারিখের মধ্যে কলেজের প্রশাসনিক শাখায় জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল। অন্যথায় উপবৃত্তি সংক্রান্ত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না। তবে যেসকল শিক্ষার্থী 'নগদ' হিসাব নম্বর প্রদান করেছে, তাদের পুনরায় জমাদানের প্রয়োজন নেই।

বিশেষ দ্রষ্টব্যঃ

- ১। HSP-MIS সফটওয়্যারে পিতাকে অভিভাবক হিসেবে নির্বাচন করলে পিতার NID ব্যবহার করে 'নগদ' খুলতে হবে। এক্ষেত্রে অভিভাবক ও হিসাবধারীর নাম হিসেবে পিতার নাম এন্ট্রি দিতে হবে।
- ২। একইভাবে মাতাকে অভিভাবক হিসেবে নির্বাচন করলে মাতার NID ব্যবহার করে 'নগদ' খুলতে হবে। এক্ষেত্রে অভিভাবক ও হিসাবধারীর নাম হিসেবে মাতার নাম এন্ট্রি দিতে হবে।
- ৩। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোনো ব্যক্তিতে (ভাই/বোন/অন্যান্য) অভিভাবক হিসেবে নির্বাচন করলে তার NID ব্যবহার করে 'নগদ' খুলতে হবে। এক্ষেত্রে অভিভাবক ও হিসাবধারীর নাম হিসেবে তার নাম এন্ট্রি দিতে হবে।


৩০/০৪/২০২৪
(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)
অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


৩০/০৪/২৪

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৩। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- ৪। সংরক্ষণ নথি।